

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি দপ্তর

স-১২৩ (আগরতলা ১৬।০৪)

সাব্বুমে, ১৬ এপ্রিল, ২০২৪

মিশন ভায়োলেন্স ফ্রি ইলেকশন
সাব্বুমে সচেতনতামূলক বাইক র্যালি

সিস্টেমটিক ভোটাস এডুকেশন এন্ড ইলেক্টোরাল পার্টিসিপেশন (এসভিইইপি)-এর অঙ্গ হিসেবে 'মিশন ভায়োলেন্স ফ্রি ইলেকশন' কর্মসূচিতে গতকাল সাব্বুমে এক সচেতনতামূলক বাইক র্যালি অনুষ্ঠিত হয়। মহকুমার ৩৯-মনু (এসটি) ও ৪০-সাব্বুমে বিধানসভা ক্ষেত্রের ভোটারদের ভোটদানে উৎসাহিত করতে এই র্যালির আয়োজন করা হয়। সাব্বুমে মহকুমা শাসক কার্যালয়ের উদ্যোগে এই র্যালিটি মহকুমা শাসক কার্যালয়ের সামনে থেকে শুরু হয়ে মহকুমার বিভিন্ন পথ পরিক্রমা করে। র্যালির সূচনা অনুষ্ঠানে মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত জানান, ভোটারদের ভোটদানে সচেতন করতে, ভোটদানের হার বাড়াতে এবং অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচনের বার্তা পৌঁছে দিতে এই র্যালির আয়োজন করা হয়েছে। র্যালিতে মহকুমা শাসক ছাড়াও মহকুমা পুলিশ আধিকারিক নিত্যানন্দ সরকার, ডিসিএম রতন দাস, ডিসিএম ভবেশ দেওয়ান, ডিসিএম নকুল পাল, ডিসিএম অরুণজয় চাকমা সহ বিভিন্ন দপ্তর ও ব্লক প্রশাসনের আধিকারিকগণ, সাংবাদিকগণ এবং জনগণ অংশগ্রহণ করেন।
